

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭১০ ২৯/ দু'আ ও যিকর পরিচ্ছেদঃ কতিপয় যিকরের বিশেষ মাহাত্ম্য

আরবী

وَعَنْ سَعِدِ بِنِ أَبِي وَقَاصٍ قَالَ: كُنَّا عِنْدَ رَسُولِ اللهِ ﷺ فَقَالَ أَيَعِجِزُ أَحَدُكُمْ أَنْ يَكْسِبَ فَعَالَ أَيعِجِزُ أَحَدُكُمْ أَنْ يَكْسِبَ فِي كُلِّ يَومٍ أَلْفَ حَسَنَةٍ ؟ قَالَ يُسَبِّحُ مِنْ جُلَسائِهِ: كَيْفَ يَكْسِبُ أَلْفَ حَسَنَةٍ ؟ قَالَ يُسَبِّحُ مِنَّةَ تَسْبِيحَةٍ فَيُكْتَبُ لَهُ أَلْفُ حَسَنَةٍ أَوْ يُحَطُّ عَنْهُ أَلْفُ خَطِيئَةٍ رواه مسلم

বাংলা

(৩৭১০) সা'দ ইবনে আবৃ অক্কাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত ছিলাম। তিনি বললেন, তোমাদের কোন ব্যক্তি প্রত্যহ এক হাজার নেকী অর্জন করতে অপারগ হবে কি? তাঁর সাথে উপবিষ্ট ব্যক্তিদের একজন জিজ্ঞাসা করল, 'কিভাবে এক হাজার নেকী অর্জন করবে?' তিনি বললেন, একশ'বার তাসবীহ (সুবহানাল্লাহ) পড়বে। ফলে তার জন্য এক হাজার নেকী লেখা হবে অথবা এক হাজার গুনাহ মিটিয়ে দেওয়া হবে। (মুসলিম ৭০২৭)

ফুটনোট

হুমাইদী বলেন, মুসলিম গ্রন্থে এ রকম أَوْ يُحَطُّ (অথবা- মিটিয়ে দেওয়া হবে) এসেছে। বারকানী বলেন, এটিকে শু'বাহ, আবু আওয়ানাহ ও ইয়াহয়্যা আলকাত্তান সেই মূসা হতে বর্ণনা করেছেন, যাঁর সূত্রে ইমাম মুসলিম বর্ণনা করেছেন। এঁরা বলেছেন, وَيُحَطُّ (এবং - মিটিয়ে দেওয়া হবে।) অর্থাৎ, তাতে 'ওয়াও'-এর পূর্বে 'আলিফ' বর্ণ নেই। (আর তার মানে হল, তার জন্য এক হাজার নেকী লেখা হবে এবং সেই সাথে তার এক হাজার গুনাহও মিটিয়ে দেওয়া হবে।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবু ওয়াক্কাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন